

**সমবায় অধিদপ্তর কর্তৃক খুলনা বিভাগাধীন যশোর ও মেহেরপুর জেলায় বাস্তবায়িত “দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ” শীর্ষক প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক অগ্রগতি প্রতিবেদন।**

সমবায় অধিদপ্তর কর্তৃক খুলনা বিভাগাধীন যশোর ও মেহেরপুর জেলায় বাস্তবায়িত “দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ” শীর্ষক প্রকল্পটি চলমান রয়েছে। যার প্রাক্কলিত ব্যয় ৪৯.৮০ কোটি টাকা। প্রকল্পের লক্ষ্য হলো গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি এবং দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে প্রোটিন চাহিদা যোগান দেয়া। প্রকল্পের মোট সুবিধাভোগী ৪,২০০ জন। আগামী ৩০ জুন, ২০২৩ এর মধ্যে প্রকল্প এলাকার উক্ত ৪২০০ জন সুবিধাভোগীর প্রতি ১০০ জনের সমন্বয়ে ৪২টি সমবায় সমিতি নিবন্ধন, গরু পালনে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও প্রতি সুবিধাভোগীকে একটি সংকর জাতের বকনা বাছুর অথবা দুটি সংকর/দেশী ষাড় বাছুর ক্রয়ের লক্ষ্যে ৮০,০০০/ আশি হাজার টাকা ও গো-খাদ্য বাবদ ২৫,০০০/ (পঁচিশ হাজার) টাকা মোট ১,০৫,০০০/ টাকা ঋণ প্রদান করা।

এ প্রকল্পের আওতায় ০২টি জেলার ০২টি উপজেলায় ৪২০০ জন সুবিধাভোগী নির্বাচন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০২১-২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০টি সমবায় সমিতি গঠনপূর্বক ২৯৫০ জন সুবিধাভোগীকে গাভীপালন ও সমবায় সমিতি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত ২৯৪০ জন সুবিধাভোগীকে একটি সংকর জাতের বকনা বাছুর অথবা দুটি সংকর/দেশী ষাড় বাছুর ক্রয়ের লক্ষ্যে (১,০৫,০০০ \* ২৯৪০) টাকা একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে ঋণ প্রদান করা হয়েছে। প্রকল্পভুক্ত অন্যান্য সমিতিতে ২০২২-২৩ অর্থ বছরে প্রশিক্ষণ প্রদানসহ ঋণ কার্যক্রম চলমান থাকবে।



দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পের ০৪ দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সে বক্তব্য প্রদান করছেন প্রকল্প পরিচালক জনাব মোঃ মিজানুর রহমান।



“দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ” প্রকল্পের ঋণের চেক প্রদান করছেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য মহোদয়।



“দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ” প্রকল্পের ঋণের চেক প্রদান করছেন মেহেরপুর জেলার জেলা প্রশাসক জনাব ড.মোহাম্মদ মুনসুর আলম খান।



“দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ” প্রকল্পে উপকারভোগীর ঋণের টাকায় ক্রয়কৃত গাভী পরিদর্শন করছেন প্রকল্প পরিচালক জনাব মোঃ মিজানুর রহমান।